গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
(সাধারন শাখা)
www.sylhetdiv.gov.bd

স্মারক নং ০৫.৪৬.০০০০.০০৫.৫৬.০০৩.১৬-১১৭০ | তারিখঃ ২৬ডিসেম্বর ২০১৬খ্রিঃ

বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC) – এর ১ম সভার কার্যবিবরণী ।

সভাপতি : মৃনাল কান্তি দেব, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট।
স্থান : বিভাগীয় কমিশনারের কার্যালয় সিলেট এর সম্মেলন কক্ষ।
তারিখ : ১০/১১/২০১৬ খ্রিস্টাব্দ।
সময় : বিকাল ০৩:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং সকল সদস্যকে নিজ পরিচয় তুলে ধরতে অনুরোধ করা হয়। পরিচিতি পর্ব শেষে সভার সভাপতি সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ জানান। আলোচনার শুরুতে সদস্য সচিব ভিডিও চিত্র ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থিত সকলকে শিশুশ্রমের বর্তমান পরিস্থিতি প্রদর্শন করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আলোচনার শুরুতে বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC)-এর সদস্য প্রতিনিধি অতিরিক্ত ডিআইজি, পুলিশ, সিলেট রেঞ্জ, জনাব মোঃ নজরুল ইসলাম বলেন, শিশুশ্রম নিরসন কল্পে পথ অন্বেষণ করতে হবে এবং এ সংক্রান্ত নীতিমালা বাস্তবায়ন জরুরি। শিশুদের জন্য বিকল্প এভিনিউ তৈরি করতে হবে এবং মেধার জায়গা খুঁজে বের করে শিশুদেরকে শিক্ষামূলক কাজে সম্পৃক্ত করতে হবে। এই ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ কাজকে আইনের আওতায় নিয়ে আসতে হবে। শ্রম থেকে দূরে নিয়ে মানসিক বিকাশে সহয়তা করতে হবে। আইনের বিকল্প উৎস খুঁজে বের করতে হবে এবং মটিভেশনের আওতায় নিয়ে আসতে হবে। পাশাপাশি তিনি কিভাবে এই কমিটিকে কিভাবে আরও গতিশীল করা যায় সে সম্পর্কে ধারণা দেন। | ০১। বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের কমিটিকে আরও গতিশীল ও কার্যকরী করতে হবে। | ০১। বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ। |
| জনাব এ কে এম শমিউল আলম, সভাপতি, সিলেট জেলা আইনজীবী সমিতি, সিলেট বলেন, শিশুশ্রম সংক্রান্ত আইন বাস্তবায়নের দিকে জোর দিতে হবে। আইনের বাইরে মটিভেশনে জোর দিতে হবে। এই জন্য শ্রম আইনের দিক নির্দেশনা বাস্তবায়ন জরুরি।<br><br>জনাব তাহমিনা খাতুন, উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট বলেন, শিশুশ্রম নিরসন কল্পে সরকারি/প্রাতিষ্ঠানিক ভাবে সহযোগীতা করতে হবে। | ০২। শিশুশ্রম সংক্রান্ত শ্রম আইন বাস্তবায়ন করতে হবে। | ০২। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট। |
| জনাব ডাঃ কামাল রতন, পরিচালক (স্বাস্থ্য), ভারপ্রাপ্ত বলেন যে, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে এবং বিভাগীয় কমিটিতে ৩৮ (আটত্রিশ) টি ঝুঁকিপূর্ণ সেক্টরের প্রতিনিধিদের সভায় উপস্থিত করতে হবে। এবং এই সংক্রান্ত বার্তা পৌছে দিতে হবে।<br><br>জনাব এনায়েত বিলকিস শিলু, ডিপিও (সিডাব্লিউআরএ), ইউসেপ, সেকেন্ড চান্স এ মিনিমাম এডুকেশন দিয়ে শিশু শ্রমিকদের দক্ষ করার উপর গুরুত্ব আরোপ করেন। ওয়েল্ডিং এর মত ট্রেডে নিয়োজিত শিশু শ্রমিকদের প্রশিক্ষিত করে চাকরী দেয়ার কথা বলেন। শিশুশ্রমিকদের পিতা মাতার | ০৩। ঝুঁকিপূর্ণ শিশুশ্রমে নিয়োজিত প্রতিষ্ঠানের মালিক পক্ষকে পর্যায়ক্রমে বিভাগীয় কমিটির সভায় উপস্থিত করতে হবে।<br><br>৪। ঝুঁকিপূর্ন কাজে নিয়োজিত শিশুদের পড়াশুনা নিশ্চিতকরণ এবং প্রশিক্ষনের মাধ্যমে দক্ষ শ্রমিকে পরিণত করতে হবে। | ০৩। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট।<br>০৪। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।<br>০৫। ইউসেপ। |

| | | |
|---|---|---|
| একই সাথে জবাবদিহিতা নিশ্চিত করা, জরিপ যথাযথ হওয়া এবং এই সংক্রান্ত পরিকল্পনা বাস্তবায়ন করার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন।<br><br>জনাব মো: আরিফুল ইসলাম, উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট, তার বক্তব্যে বলেন যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শিশুশ্রম নিরসন কল্পে বদ্ধ পরিকর। তিনি তার বক্তব্যে শিশুশ্রম নিরসন কল্পে, বিশেষ করে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন কল্পে সরকারের নেয়া নানা পদক্ষেপের ও পরিকল্পনার কথা উল্লেখ্য করেন। এবং এই সংক্রান্ত বিষয়ে অধিদপ্তরের কৃত কার্যাবলি সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের ধারণা দেন।পরিশেষে তিনি সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত সকলকে পাঠ করে শোনান এবং এই সংক্রান্ত বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | ৫। ঝুঁকিপূর্ন কাজে নিয়োজিত শিশুদের শনাক্তকরণ এবং পুনর্বাসনের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | ০৬। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।<br><br>০৭। ইউসেপ। |
| সভাপতি বলেন, শিশুশ্রম সংক্রান্ত জেলা শিশু অধিকার ফোরাম ও উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করেন। শিশু বিষয়ক কর্মকর্তাকে শিশুশ্রম নিরসন সংক্রান্ত বিভাগীয় কমিটিতে কো-অপ্ট করা এবং পরিদর্শনের মাধ্যমে শিশুশ্রম সম্পর্কে তথ্য সংগ্রহের সকল ক্ষেত্রে সচতনতা বৃদ্ধি করতে হবে। ওয়ার্কশপে এর অবস্থার ভয়াবহতা উপলব্ধি করে যে সমস্ত ওয়ার্কসপ শ্রম আইন লংঘন করে তাদের সচেতন করতে হবে। অন্যথায় তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওয়ার্কশপ এসোসিয়েশনের সভাপতি ও সেক্রেটারিকে পরিবর্তী সভায় অংশগ্রহণের এবং বিষয়টি নিশ্চিত করার জন্য উপপরিচালক, সমাজ সেবা বিভাগীয় পর্যায়ে সভায় নেয়া ও কমিটিতে কো-অপ্ট করতে হবে। একইসাথে তিনি সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের সাথে সমন্বয় ও বৈঠক নিয়মিত করনের উপর গুরুত্ব আরোপ করেন। | ০৬। জেলা ও উপজেলা শিশুশ্রম কল্যাণ পরিষদকে কার্যকরী করতে হবে।<br><br>০৭। জেলা ও উপজেলা শিশুশ্রম কল্যাণ পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাসময়ে উর্দ্ধতন কর্তপক্ষকে অবহিত করতে হবে।<br>০৮। ওয়ার্কশপ এসোসিয়েসনের সভাপতি ও সেক্রেটারিকে পরিবর্তী সভায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>০৯। বিভাগীয় পর্যায়ের প্রতিনিধি, উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট কে বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদে কো- অপ্ট করতে হবে। | ০৮। সদস্য- সচিব, বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ। |

সভাপতি সংশ্লিষ্ট সকলকে ঝুঁকিপূর্ণ শ্রম থেকে শিশুদের প্রত্যাহার করে তাদের পূর্নবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এক যোগে কাজ করার আহবান জানান। সেই সাথে যেহেতু এটি প্রথম সভা তাই আলোচ্য বিষয়ের সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মৃনাল কান্তি দেব)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
ও
কমিশনার (রুটিন দায়িত্বে)
এবং
সভাপতি
বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ
(DCLWC), সিলেট।
ফোন: ০৮২১-৮৪০০০২
ফ্যাক্স-০৮২১-৮৪০০২০
divcomsylhet@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৯) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৩-২৪, বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স, কাওরান বাজার, ঢাকা।
১০) শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর, ৪ রাজউক এভিনিউ, ঢাকা।
১১) চেয়ারম্যান, এনসিসিডব্লিউই, ২৩ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
১২) সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, ১২২-১২৪, চেম্বার বিল্ডিং, মতিঝিল বা/এ, ঢাকা।

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:</u>

১। কমিশনারের একান্ত সচিব, সিলেট বিভাগ, সিলেট (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২-৩। পিএ টু অতিরিক্ত কমিশনার (সার্বিক)/(রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট (অতিরিক্ত কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

(মোঃ আরিফুল ইসলাম)
উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
ও
সদস্য সচিব
বিভাগীয় শিশুশ্রম কল্যান পরিষদ
(DCLWC), সিলেট।